

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা)
৩৭/৩/এ, ইন্সটান গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
ফ্যাক্স: ০২-৪১০৩০০৪৯, ওয়েবসাইট: www.ntzca.gov.bd
ই-মেইল: ntrca2005@yahoo.com

বিজ্ঞপ্তি

(সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য ওয়েবসাইটের মাধ্যমে প্রকাশিত)

২০১৬ সালে ১ম নিয়োগ চক্রে গৃহীত আবেদনের ভিত্তিতে সহকারী শিক্ষক (কম্পিউটার) এর ১০৯৫টি শূন্য পদের বিপরীতে মাননীয় হাইকোর্টের রায়ের নির্দেশনামতে ১০ জানুয়ারি ২০১৯ তারিখে প্রার্থী নিয়োগের জন্য সুপারিশ করা হয়। পরবর্তীতে ২য় নিয়োগ চক্রে শিক্ষক নিয়োগের জন্য মাননীয় হাইকোর্টে দায়েরকৃত ১৬৬টি মামলার একীভূত রায় এবং জনবলকাঠামো ও এমপিও নীতিমালা ২০১৮ অনুযায়ী প্রার্থী সুপারিশ করে তালিকা ২৪ জানুয়ারি ২০১৯ তারিখে প্রকাশ করা হয়। প্রসঙ্গত উল্লেখ্য যে, ১ম নিয়োগ চক্রে শিক্ষা মন্ত্রণালয়ের ৩০ ডিসেম্বর ২০১৫ তারিখের ৩৭.০০.০০০০.০৭১.০৮.০০৮.০৫(অংশ)-১০৮১ সংখ্যক পরিপত্রের ৬.০ নং অনুচ্ছেদ এবং প্রযোজ্য ক্ষেত্রে মহিলা কোটার পরিপত্র অনুসরণপূর্বক সুপারিশ প্রক্রিয়াকরণ হয়েছে। কিন্তু ২য় নিয়োগ চক্রে সম্মিলিত জাতীয় মেধা তালিকা এবং প্রযোজ্য ক্ষেত্রে মহিলা কোটার পরিপত্র অনুসরণপূর্বক সুপারিশ প্রক্রিয়াকরণ হয়েছে। বিগত ২৪ জানুয়ারি ২০১৯ তারিখে ২য় নিয়োগ চক্রের প্রক্রিয়াকরণের পর বিগত ০৭ মে ২০১৯ তারিখে দ্বিতীয় ধাপে ২০১৬ সালের সহকারী শিক্ষক (কম্পিউটার) এর ৫৩২টি শূন্য পদের বিপরীতে ৫১৪টি পদে প্রার্থী সুপারিশকরণের তালিকা প্রকাশিত হয়। উক্ত তালিকায় ভুলে উপজেলা/জেলা/বিভাগীয় মেধাতালিকা অনুসরণ না করে জনবলকাঠামো ও এমপিও নীতিমালা ২০১৮ এবং সম্মিলিত জাতীয় মেধা তালিকা অনুসরণ করা হয়েছিল। উক্ত ভুল গোচরীভূত হবার সাথে সাথে ১৩ মে ২০১৯ তারিখে উক্ত সুপারিশ তালিকা স্থগিত ঘোষণা করা হয়।

২০১৬ সালের সহকারী শিক্ষক (কম্পিউটার) এর ১ম নিয়োগ চক্রের প্রথম ধাপে যে সকল পদে প্রার্থী যোগদান করেনি বা পদ শূন্য রয়েছে সে সকল পদে প্রার্থী সুপারিশকরণের নিমিত্ত সংশ্লিষ্ট বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের চাহিদা, সংশ্লিষ্ট জেলা শিক্ষা অফিসারের স্বাক্ষরসহ প্রেরিত তথ্যের ভিত্তিতে, শিক্ষা মন্ত্রণালয়ের ৩০ ডিসেম্বর ২০১৫ তারিখের ৩৭.০০.০০০০.০৭১.০৮.০০৮.০৫(অংশ)-১০৮১ সংখ্যক পরিপত্র, মাননীয় হাইকোর্টের ৯৭৭৭/২০১৬ ও ৯৭৯০/২০১৬ মামলার রায় এবং প্রযোজ্য ক্ষেত্রে মহিলা কোটার পরিপত্র অনুসরণপূর্বক মেধাক্রম অনুযায়ী সহকারী শিক্ষক (কম্পিউটার) এর ১০৯৫টি শূন্য পদের মধ্যে সকল প্রার্থী যোগদান না করার কারণে ৫১০টি শূন্য পদের বিপরীতে ৪৮৪টি পদে দ্বিতীয় ধাপে প্রার্থীদের নিয়োগের জন্য সুপারিশ করা হলো। অবশিষ্ট ২৬টি পদে মহিলা কোটার প্রার্থী না পাওয়ায় উক্ত ২৬টি পদে নিয়োগের জন্য সুপারিশ করা যায়নি। এ সাথে বিগত ০৭ মে ২০১৯ তারিখে টেলিটক বাংলাদেশ লিমিটেড কর্তৃক সহকারী শিক্ষক (কম্পিউটার) এর ৫৩২টি শূন্য পদের বিপরীতে ৫১৪টি পদে প্রার্থী সুপারিশকরণের তালিকা নির্দেশক্রমে বাতিল ঘোষণা করা হলো। এ অনিচ্ছাকৃত ভুলের জন্য কর্তৃপক্ষ দুঃখ প্রকাশ করছে। এছাড়া, ২০১৬ সালের সহকারী শিক্ষক (কম্পিউটার) পদের ১ম ধাপে স্থগিতকৃত ৪৭টি পদ যাচাই সাপেক্ষে ১২টি স্থগিতকৃত পদের মধ্যে ১১টি পদে প্রার্থী সুপারিশ করা হলো। অবশিষ্ট ১টি পদে মহিলা কোটার প্রার্থী না পাওয়ায় উক্ত ১টি পদে নিয়োগের জন্য সুপারিশ করা যায়নি। সংশোধিত সুপারিশকৃত প্রার্থীদের তালিকা <http://ngi.teletalk.com.bd> লিংকে দেখা যাবে। সুপারিশপ্রাপ্ত প্রার্থীদেরকে SMS এর মাধ্যমে জানিয়ে দেয়া হচ্ছে। প্রতিষ্ঠান প্রধানগণ সুপারিশকৃত (সংশোধিত) প্রার্থীদের তালিকা তাঁদের User Id ও Password ব্যবহার করে দেখে নিতে পারবেন।

প্রসঙ্গত উল্লেখ্য যে, নির্বাচিত প্রার্থীদের যোগদানে কোন অসুবিধার সৃষ্টি হলে অথবা যোগদানে কোন বাধার সম্মুখীন হলে সরাসরি সংশ্লিষ্ট জেলা শিক্ষা অফিসারের সাথে যোগাযোগ করে নিষ্পত্তি করতে হবে। জেলা শিক্ষা অফিসার কোন কারণে উক্ত সমস্যার নিষ্পত্তি করতে অপারগ হলে কেবলমাত্র সে সমস্যা অত্রাফিসকে অবহিত করবেন। শুধুমাত্র জেলা শিক্ষা অফিসারের মাধ্যমে প্রাপ্ত আবেদন এ কার্যালয় কর্তৃক আমলে নেয়া হবে।

সদস্য (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান)
এনটিআরসিএ, ঢাকা।